


প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা, ১১ মে ২০১৭ খ্রিঃ।

চীনা অনুদানে ৯ম বাংলাদেশ-চীন মৈত্রী সেতু নির্মাণ

অর্থনৈতিক ও কারিগরি সহযোগিতার আওতায় চীন সরকার “৯ম বাংলাদেশ-চীন মৈত্রী সেতু” এবং অন্যান্য অবকাঠামো নির্মাণে ৫০০ মিলিয়ন আরএমবি ইউয়ান (প্রায় ৬৬৭ কোটি টাকা/ প্রায় ৮৩ মিঃ মাঃ ডলার) অনুদান সহায়তা প্রদান করবে এবং এ সংক্রান্ত “Agreement on Economic and Technical Cooperation between the Government of the People’s Republic of Bangladesh and the Government of the People’s Republic of China” শীর্ষক একটি অনুদান চুক্তি আজ ১১ মে ২০১৭ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার, সকাল ০৯.৩০ ঘটিকায় ঢাকার শেরে বাংলা নগরস্থ অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সম্মেলন কক্ষে স্বাক্ষরিত হয়। উক্ত অনুদান চুক্তিটি বাংলাদেশ সরকারের পক্ষে কাজী শফিকুল আযম, সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয় এবং চীন সরকারের পক্ষে ঢাকাস্থ চীনা দূতাবাসের মান্যবর রাষ্ট্রদূত Mr. Ma Mingqiang স্বাক্ষর করেন। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে ঢাকাস্থ চীনা দূতাবাস এবং বাংলাদেশ সরকারের উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

উক্ত স্বাক্ষরিত চীনা অনুদানের অর্থে ৯ম বাংলাদেশ-চীন মৈত্রী সেতুসহ অন্যান্য অবকাঠামো নির্মাণ প্রকল্প বাস্তবায়ন করা হবে। এতে বাংলাদেশের আর্থ সামাজিক উন্নয়নসহ যোগাযোগের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। উল্লেখ্য, চীনা অনুদানের আওতায় বাংলাদেশে এ পর্যন্ত ০৭ (সাত)টি বাংলাদেশ-চীন মৈত্রী সেতু নির্মিত হয়েছে এবং ৮ম সেতু হিসেবে পিরোজপুর জেলার পিরোজপুর-ঝালকাঠি সড়কে কঁচা নদীর ওপর ১৪০০ মিটার দৈর্ঘ্যের সেতুটির নির্মাণ কাজ চলমান রয়েছে। আরও উল্লেখ্য, ৯ম বাংলাদেশ-চীন মৈত্রী সেতুস্থান সহ অন্যান্য অবকাঠামো নির্মাণ প্রকল্প দু’দেশের সম্মতিক্রমে পরবর্তিতে নির্ধারণ করা হবে।


১১/৫/১৭

ড. একেএম মতিউর রহমান
উপ-সচিব
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
অর্থ মন্ত্রণালয়
স্বাক্ষরিত: ঢাকা, বাংলাদেশ